

আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ২৯/১২/২০১৪ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১৫.০৩৭.১২-৮৯৫ নং স্মারকের মাধ্যমে ছাড়পত্রের আলোকে ফেনী জেলাধীন ফেনী সদর, সোনাগাজী, দাগনভূঞা, ছাগলনাইয়া, পরশুরাম ও ফুলগাজী উপজেলা ভূমি অফিসের জন্য নিম্নলিখিত পদে সাকুল্য বেতনে আউটসোর্সিং পদ্ধতিতে জনবলের সেবা গ্রহণের উদ্দেশ্যে স্বীকৃত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা	অন্যান্য
০১	নৈশ প্রহরী (নিরাপত্তা প্রহরী)	০৬ (ছয়) টি	১৮-৬০ বছর	৮ম শ্রেণী পাশ	শারীরিকভাবে সুস্থ হতে হবে।

## শর্তাবলী :

০১। আহ্বী প্রতিষ্ঠানকে নিম্নোক্ত ছক অনুযায়ী প্রস্তাব দাখিল করতে হবেঃ

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	মাসিক সাকুল্য বেতন (হেড ভিত্তিক)	সর্বমোট
নৈশ প্রহরী (নিরাপত্তা প্রহরী) (হেড-২০)				

০২। নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হবে। কোন ব্যক্তির সাথে চুক্তি হবে না বা কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।

০৩। আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।

০৪। আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।

০৫। জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী সাকুল্য বেতন ৭,২০০/- টাকা নির্ধারিত হবে।

০৬। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, ২০১৪-২০১৫ অর্থ বছরের আয়কর প্রদান ও সনাক্তকরণ নম্বর (TIN) থাকতে হবে এবং সরকারী প্রকল্পে জনবল সরবরাহের ক্ষেত্রে কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

০৭। নিয়োজিত কর্মচারীগণকে ছুটির দিনেও দায়িত্ব পালন করতে হবে। তবে এ জন্য অতিরিক্ত মূল্য/অর্থ দাবী করা যাবে না।

০৮। আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর অদক্ষতা বা অবহেলার কারণে কোন ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায় বহন করতে হবে।

০৯। নির্বাচিত প্রতিষ্ঠানের দাখিলকৃত বিল থেকে নিয়মানুযায়ী ভ্যাট/ট্যাক্স কর্তন করা হবে।

১০। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদিত চুক্তি যে কোন পক্ষ ০১ (এক) মাসের নোটিশ দিয়ে বাতিল করতে পারবে।

১১। নিয়োজিত কর্মচারীগণের শারীরিক সুস্থতা সম্পর্কে উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে।

১২। নির্বাচিত আউটসোর্সিং প্রতিষ্ঠানের সাথে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তিপত্র সম্পাদনের পরই নিয়োজিত জনবল কাজ শুরু করতে পারবে।

১৩। আহ্বী প্রতিষ্ঠানকে নিজ প্যাডে নির্ধারিত ছক অনুসরণপূর্বক আগামী ২৫/০৩/২০১৫ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ টার মধ্যে সীলমোহরকৃত খামে প্রতিটি পদের এক মাসের দর উল্লেখ করে সত্যায়িত ট্রেড লাইসেন্স হালনাগাদ আয়কর পরিশোধের সনদ ও অভিজ্ঞতার সনদ ইত্যাদিসহ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (রাজস্ব শাখায়) রক্ষিত দরপত্র বাস্তবে দরপত্র/প্রস্তাব দাখিল করতে অনুরোধ করা হলো। একই তারিখ বেলা ১২.৩০ টার সময় দরপত্র/প্রস্তাবসমূহ দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থি থাকেন) খোলা হবে।

১৪। যে কোন বা সকল দপ্তর বাতিল বা গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং সর্বনিম্ন দরদাতার দরপত্র গ্রহণ করতে কর্তৃপক্ষ বাধ্য নহে।

(মোঃ হুমায়ুন কবীর খোন্দকার)

জেলা প্রশাসক  
ফেনী।

ফোন নং : ০৩৩১-৭৪০০০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ মন্ত্রণালয়/ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো :

০১। জেলা প্রশাসক, (সকল)।

০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফেনী।

০৩। পুলিশ সুপার, ফেনী।

০৪। সিভিল সার্জন, ফেনী।

০৫। মেয়র, ফেনী পৌরসভা, ফেনী।

০৬। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), ফেনী।

০৭। সহকারী কমিশনার (ভূমি) (সকল), ফেনী।

০৮। জেলা হিসাব রক্ষণ অফিসার, ফেনী।

০৯। জেলা তথ্য অফিসার, ফেনী।

১০। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, (সকল), ফেনী।

১১। সম্পাদক, দৈনিক সুনাম তাকে বিজ্ঞাপনটি তার পত্রিকায় ভিতরের পাতায় ৪.৮ ইঞ্চি X ৬.৮ ইঞ্চি আকারে আগামী ২২/০৩/২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে কেবলমাত্র ০১ (এক) দিন প্রচারের ব্যবস্থা গ্রহণ করে প্রচারিত সংখ্যার ০৩ (তিন) কপি প্রতিকাসহ বিল নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১২। অত্রাফিসের নোটিস বোর্ড।

*Arabiya*  
জেলা প্রশাসক  
ফেনী।

*Arabiya*  
কোম্পানি সচিব  
ফেনী  
৩৩০৪৭-৫৫০০১